



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইন্সটন গার্ডেন রোড,
রমনা, ঢাকা-১০০০।

চূড়ান্ত আদেশের সার-সংক্ষেপ

স্ব-প্রণোদিত মামলা নং- ৪৫/২০২২

মামলার বিষয় : পারস্পারিক যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে ব্রয়লার মুরগির মূল্য বৃদ্ধি।

প্রতিপক্ষ : ব্যবস্থাপনা পরিচালক
কাজী ফার্মস লিমিটেড
আহমদ এন্ড কাজী টাওয়ার
৩৫, ধানমন্ডি, সড়ক নং-২, ঢাকা ১২০৫।

চূড়ান্ত আদেশ প্রদানের তারিখ: ০৯/১০/২০২৩

কমিশন : ১। জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
২। জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৩। জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৪। জনাব মোঃ হাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

উপস্থিতঃ প্রতিপক্ষের বিজ্ঞ আইনজীবী

১। বিজ্ঞ কৌশলী জনাব বিশ্বজিৎ দেব
২। বিজ্ঞ কৌশলী জনাব এস এম শিহাব উদ্দীন
৩। বিজ্ঞ কৌশলী কাজী মোঃ মাহবুব আলম
৪। বিজ্ঞ কৌশলী জনাব মেহেরিন হাসান
৫। বিজ্ঞ কৌশলী জনাব নাহিদ হোসাইন

অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

কমিশন স্ব-প্রণোদিত হয়ে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর আওতায় এ মামলাটি আনয়ন করে। এ মামলায় আনীত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণী এই যে, ০৫-০৮-২০২২ হতে ২০-০৮-২০২২ সময়কালে (অত্র মামলার অপরাধের সময়কাল মর্মে উল্লিখিত) জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রতিবেদন এবং ২০ আগস্ট ২০২২ তারিখে অনলাইন ভিত্তিক পত্রিকা 'বার্তা বাজার' এ "১৫ দিনে ডিম ও মুরগির বাজার

Rumakib

০৯/১০/২০২৩

৩৫, ধানমন্ডি

সড়ক নং-২, ঢাকা ১২০৫



থেকে ৫১৮ কোটি টাকা লুট” শিরোনামে প্রকাশিত প্রতিবেদন এবং এছাড়াও বিভিন্ন পত্র-পত্রিকা ও প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত খবরা-খবর সম্পর্কে জ্ঞাত হয়ে কমিশনের ৯ম সভায় উক্ত বিষয়ে অনুসন্ধান পরিচালনার সিদ্ধান্ত হয়। অনুসন্ধান প্রতিবেদনে কাজী ফার্মস লিমিটেডসহ মোট ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাজারে ব্রয়লার মুরগির বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে নির্ধারণ এবং বাজারে মুরগির সরবরাহ সীমিত বা নিয়ন্ত্রণ করে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এর দফা (খ) এর অপরাধ প্রাথমিকভাবে প্রতীয়মান হয়। অনুসন্ধান প্রতিবেদনের বিষয়ে কমিশনের ১০ম সভায় কাজী ফার্মস লিমিটেডসহ মোট ০৬ টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিযোগিতা আইন, ২০১২ এর অধীনে মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিপক্ষ প্রতিষ্ঠান কমিশনের শুনানিতে অংশগ্রহণ করে এবং শুনানি অন্তে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত দল গঠন করা হয়। তদন্ত দল নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদন দাখিল করার পর তদন্ত প্রতিবেদনের উপর প্রতিপক্ষের বিজ্ঞ কৌশলীর বক্তব্য শোনা হয় এবং প্রতিপক্ষের বিজ্ঞ কৌশলী তার যুক্তিতর্কের সমর্থনে লিখিত বক্তব্যও উপস্থাপন করেন। তদন্ত প্রতিবেদন ও বিজ্ঞ কৌশলীর লিখিত ও মৌখিক যুক্তিতর্কের ভিত্তিতে কমিশন নিম্নবর্ণিত আদেশ প্রদান করে।

আদেশ

অভিযুক্ত প্রতিষ্ঠান কাজী ফার্মস লিমিটেড সমধর্মীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত হয়ে পরোক্ষভাবে ০৫/০৮/২০২২ হতে ২০/০৮/২০২২ সময়কালে তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করেছে এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করেছে যা প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন প্রমাণিত হওয়ায় একটি শাস্তিযোগ্য অপরাধ। অভিযুক্ত প্রতিষ্ঠান এর বিরুদ্ধে প্রতিযোগিতা কমিশনে এটিই প্রথম মামলা। তাই সকল বিষয় বিবেচনায় নিয়ে কাজী ফার্মস লিমিটেড, আহমদ এন্ড কাজী টাওয়ার, ৩৫, ধানমন্ডি, সড়ক নং-২, ঢাকা ১২০৫ কে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (আ) মোতাবেক নিম্নবর্ণিত নির্দেশনাসহ অপরাধ সংঘটনের পূর্ববর্তী ০৩ (তিন) অর্থবছরের গড় টার্নওভারের ২.৫৩% অর্থাৎ ০৫ (পাঁচ) কোটি টাকা প্রশাসনিক অর্থদন্ডে দন্ডিত করা হলো।

নির্দেশনাসমূহঃ

- ১। রায় ঘোষণার পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করতে হবে। অন্যথায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ (গ) মোতাবেক দৈনিক ০১ (এক) লক্ষ টাকা হিসাবে জরিমানা যোগ হবে।
- ২। কাজী ফার্মস লিমিটেড এর মুরগির অস্বচ্ছ নিলাম প্রক্রিয়াটি বাতিল করে স্বচ্ছ এবং প্রতিযোগিতামূলক প্রক্রিয়ায় মুরগির বিক্রয় মূল্য নির্ধারণ করতে হবে।
- ৩। গৃহীত মূল্য নির্ধারণ প্রক্রিয়া বা বিক্রয় প্রক্রিয়া এ রায় ঘোষণার ০১ (এক) মাসের মধ্যে কমিশনকে লিখিতভাবে অবহিত করতে হবে।”

স্বাক্ষরিত/-
০৯/১০/২০২৩
মোঃ হাফিজুর রহমান
সদস্য

স্বাক্ষরিত/-
০৯/১০/২০২৩
সওদাগর মুস্তাফিজুর রহমান
সদস্য

স্বাক্ষরিত/-
০৯/১০/২০২৩
সালমা আখতার জাহান
সদস্য

স্বাক্ষরিত/-
০৯/১০/২০২৩
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
চেয়ারপার্সন

র.হ.ম. আলাউল কবির
সচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন